REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-11-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) আগরতলা পুর নিগম সহ ২১টি পুর সংস্থার নির্বাচনে মনোনয়নপত্র দাখিল আজ শেষ হয়েছে।

(২) বাড়ানো হল আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের স্নাতকোত্তর আসন সংখ্যা।

(৩) ধনতেরাস উপলক্ষ্যে আজ উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

(৪) দেশব্যাপী ডিজিটাল লাইফ সার্টিফিকেট অভিযানের পঞ্চম পর্বের আজ সূচনা হয়েছে।

(৫) 'অ্যাওয়ার্ড অফ এক্সেলেন্স ২০২৬' সম্মাননা অর্জন করল রাজ্য বিদ্যুৎ নিগম।

****

Municipality-Nomination:

আগরতলা পুর নিগম সহ ২১টি পুর সংস্থার নির্বাচনে মনোনয়নপত্র দাখিল আজ শেষ হয়েছে। আগামীকাল মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ১০ই নভেম্বর। নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ২৭ শে নভেম্বর।

****

Nomination Submission:

আগরতলা পুর নিগম নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ বিজেপির মনোনীত প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। এর আগে একটি মিছিল আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে| উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচাৰ্য্য, বিজেপি রাজ্য সভাপতি অভিষেক দেবরায় প্রমুখ| আজ রানীরবাজার পুরপরিষদ নির্বাচনে বিজেপি প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী।

বিলোনিয়া পুর পরিষদের ১৭টি আসনে বিজেপি মনোনীত প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন| তাছাড়া, আজ ৭টি আসনে মনোনয়নপত্র জমা দেয় কংগ্রেস প্রার্থীরা৷ সাব্রুম নগর পঞ্চায়েতে কংগ্রেসের ২ জন তিপ্রা মথার ১ জন ও ১ জন নির্দল প্রার্থী মনোনয়নপত্র জমা দেন।

কৈলাশহর পুর পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ১৭টি আসনে আজ কংগ্ৰেস প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। এর আগে একটি মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে| উপস্থিত ছিলেন বিধায়ক বীরজিৎ সিংহ, জেলা কংগ্ৰেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ।

সোনামুড়া নগর পঞ্চায়েত ও মেলাঘর পুর পরিষদের নির্বাচনেও কংগ্রেস প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন।

মোহনপুর পুর পরিষদে আজ বিজেপির দুই জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেন। উল্লেখ্য, গতকাল ১৫ জন বিজেপি প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন|

****

Leader to the Opposition:

ধর্মনগর পুর পরিষদ নির্বাচন উপলক্ষে আজ ধর্মনগরের দীননাথ নারায়নী বিদ্যামন্দির রোডে এলাকায় সিপিআইএম-এর এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়।

বক্তব্য রাখেন, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথ, সিপিআইএম রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য অমিতাভ দত্ত, উত্তর জেলা সম্পাদক অভিজিৎ দে প্রমুখ।

****

AGMC-PG Seat:

আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের স্নাতকোত্তর আসন সংখ্যা ৯৫ থেকে বাড়িয়ে ১৫৩ করা হয়েছে। অর্থাৎ নতুন করে ৫৮টি আসন বৃদ্ধি পেয়েছে। চলতি শিক্ষাবর্ষ থেকেই এই বর্ধিত আসনে শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, কলেজের ১৬টি বিভিন্ন বিভাগে এই আসন বৃদ্ধি করা হয়েছে। এর ফলে রাজ্যের পাশাপাশি তুলনামূলক বেশি সংখ্যায় বহিঃরাজ্যের শিক্ষার্থীরাও স্নাতকোত্তর স্তরে পড়াশুনার সুযোগ পাবে| এইজন্য প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডাকে কৃতজ্ঞতা জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

****

Boxanagar -Arrest :

সোনামুড়া মহকুমার বক্সনগরের আশাবাড়ি সীমান্তে বিএসএফের ওপর হামলার ঘটনায় আরও ৮ জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। কলমচৌড়া থানার পুলিশ ও বিএসএফের যৌথ অভিযানে বক্সনগরের বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। ধৃতদের আজ সোনামুড়া আদালতে সোপর্দ করা হয়। আদালত তাদের আগামী ১৩ই নভেম্বর পর্যন্ত জেল হাজতে রাখার নির্দেশ দেয়। উল্লেখ্য, বিএসএফ-এর উপর হামলার ঘটনায় এর আগে ৩ জন মহিলাসহ মোট ১০ জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়। আদালতের নির্দেশে মহিলা অভিযুক্তরা জেল হেফাজত ও পুরুষ অভিযুক্তরা পুলিশ হেফাজত রয়েছেন।

****

Nominated IPS:

রাজ্যের তিন পুলিশ আধিকারিক আইপিএস পদে উন্নীত হয়েছেন। তারা হলেন কিশোর দেববর্মা, রাজীব নাগ এবং রাজীব সেনগুপ্ত। এ বিষয়ে আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

****

Dhanteras:

আজ ধনতেরাস। এই উপলক্ষ্যে উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক শুভেচ্ছা বার্তায় সকলের সুখ, সুস্বাস্থ্য, সমৃদ্ধি কামনা করেছেন।

****

Special Campaign-MIB:

তথ্য ও সম্প্রচার মন্ত্রক তার বিভিন্ন কার্যালয় এবং মিডিয়া ইউনিট জুড়ে পরিচ্ছন্নতার উন্নতি, রেকর্ড ব্যবস্থাপনা মসৃণ করা এবং বিচারাধীন কাজ কমানোর ওপর জোর দিয়ে সফলভাবে ষষ্ঠ পর্যায়ের বিশেষ অভিযান সম্পন্ন করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে, সারা দেশের বাছাই করা কয়েকটি আকাশবাণী, দূরদর্শন, পি.আই.বি. এবং সি.বি.সি কেন্দ্র পরিচ্ছন্নতা ও সৌন্দর্যায়নের উদ্যোগ গ্রহণ করে। এটি প্রাতিষ্ঠানিক পরিচ্ছন্নতা, কার্যকর রেকর্ড ব্যবস্থাপনা, বিচারাধীন বিষয়ের সময়োপযোগী নিষ্পত্তি এবং উন্নত জনসেবা প্রদানে মন্ত্রকের অব্যাহত অঙ্গীকারকে প্রতিফলিত করে।

****

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

########Sound Byte########

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****

DLC-Campaign:

কর্মী, জন অভিযোগ এবং পেনশন প্রতিমন্ত্রী ড: জিতেন্দ্র সিং আজ নয়াদিল্লিতে দেশব্যাপী ডিজিটাল লাইফ সার্টিফিকেট অভিযানের পঞ্চম পর্ব উদ্বোধন করেছেন। এই প্রচারাভিযান প্রবীণ নাগরিকদের জীবনযাত্রা সহজ করার গুরুত্বপূর্ণ একটি উদ্যোগ। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড: সিং বলেন, এই উদ্যোগের লক্ষ্য হল পেনশনভোগীদের জীবন শংসাপত্র জমা দেওয়ার জন্য ব্যাঙ্ক এবং সরকারি অফিসে যাওয়ার সুগম করা। তিনি পেনশন পরিষেবাগুলিকে আরও সহজ ও সহজলভ্য করার জন্য পেনশন আদালতসহ পেনশন সংস্কার এবং অপ্রচলিত নিয়মগুলি অপসারণের বিষয়টিও তুলে ধরেন।

ড: সিং বলেন, এই অভিযানে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে ৮০ বছর বা তার বেশি বয়সি অতি প্রবীণ পেনশনভোগী, মহিলা পেনশনভোগী এবং শারীরিক অসুস্থতার কারণে যাঁদের জীবন শংসাপত্র জমা দিতে অসুবিধা হয় তাঁদের। যাঁরা নির্ধারিত কেন্দ্রে যেতে অপারগ, তাঁদের জন্য বাড়িতে গিয়ে পরিষেবা প্রদান এবং বাড়ি থেকেই জীবন শংসাপত্র জমা দেওয়ার ব্যবস্থা করা হবে।

এক মাসব্যাপী এই অভিযান চলবে আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত। দেশের ২ হাজারেরও বেশি শহর ও নগর এলাকাকে এই অভিযানের আওতায় আনা হবে।

****

Food Stock Portal :

কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ব্যবসায়ী, পাইকারি বিক্রেতা, প্রক্রিয়াজাতকরণকারীদের চাল ও ধান মজুতের পরিমাণ ঘোষণা করার নির্দেশ দিয়েছে। ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রক জানিয়েছে, ধান ও চাল মজুতকারী সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানকে প্রতি শুক্রবার 'ফুড স্টক পোর্টালে' তাদের মজুতের তথ্য প্রকাশ করতে হবে এবং তথ্যটি যাতে সঠিক ও নিয়মিত আপডেট করা হয়, তা নিশ্চিত করতে হবে।

মন্ত্রক জানিয়েছে, কোনো সংস্থা যদি পোর্টালে নিবন্ধিত না থাকে বা নির্ধারিত মজুত সীমা লঙ্ঘন করতে দেখা যায়, তবে অত্যাবশ্যকীয় পণ্য আইনের আওতায় তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

****

TSECL-Award:

বিদ্যুৎ বণ্টন ব্যবস্থায় উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ ভারত সরকারের কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের থেকে সম্মানজনক ‘অ্যাওয়ার্ড অফ এক্সেলেন্স ২০২৬’ সম্মাননা অর্জন করল ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেড। সারা দেশের বিভিন্ন রাজ্যের মধ্যে এই পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছে ত্রিপুরা, অসম ও সিকিম।

****

Workshop-RBI & Khowai District:

রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া এবং খোয়াই জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ জেলা শাসকের কার্যালয়ে ব্যাংক, জেলা ও ব্লকস্তরের আধিকারিকদের নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় বিভিন্ন ধরনের বীমা, কে. সি. সি. লোন, ছোট ব্যবসায়ীদের জন্য ব্যবসায়িক ঋণ সহ অন্যান্য ব্যাংক ঋণ কিভাবে সাধারণ মানুষ খুব সহজে পেতে পারেন সে বিষয়ে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রতিনিধিরা বিস্তারিত আলোচনা করেন।

****

AIDS Eradication:

এইচআইভি-এইডস প্রতিরোধে রাজ্যে প্রথম সুরক্ষিত জেলার স্বীকৃতি পাওয়ায় আজ বিলোনিয়ায় দক্ষিণ জেলার জেলাশাসকের কার্যালয়ে সুরক্ষিত সমারোহ অনুষ্ঠান উদযাপন করা হয়| উপস্থিত ছিলেন জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি এবং স্বাস্থ্য দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

****

NSS:

তামাক মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে উইমেন্স কলেজের এন এস এস ইউনিটের উদ্যোগে আজ এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়| এনএসএস স্বেচ্ছাসেবীরা তামাক সেবনের কুফল সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে বনমালীপুরে পথ চলতি জনগনের হাতে সচেতনতামূলক লিফলেট তুলে দেয়|

Diwali Mela-Matabari:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আগামী রবিবার বিকেল সাড়ে পাঁচটায় মাতাবাড়িতে দীপাবলি মেলার উদ্বোধন করবেন। এর আগে কল্যাণ সাগরে অনুষ্ঠিত হবে কল্যাণ আরতি। এ বছর উৎসবের বিশেষ আকর্ষণ হতে চলেছে

ড্রোন শো। উৎসবকে কেন্দ্র করে ইতিমধ্যেই আলোর মেলায় সেজে উঠেছে মাতাবাড়ি। মেলা প্রাঙ্গণে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ব্যবসায়ীরা আসতে শুরু করেছেন। চলছে দোকানপাট সাজিয়ে তোলার কাজ।

পূর্ণ্যার্থীদের সহায়তা করার জন্য উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গণে গোমতী জেলা প্রশাসনের পক্ষ থেকে দিনরাত ২৪ ঘন্টার হেল্পলাইন খোলা হবে। আগামী রবিবার বিকাল ৪টা থেকে এই হেল্পলাইন চালু হবে এবং তা ১১ নভেম্বর রাত ১২টা পর্যন্ত খোলা থাকবে।

Women Cricket :

মেয়েদের সিনিয়র টি-২০ ক্রিকেটে গ্রুপের সপ্তম তথা শেষ ম্যাচে ত্রিপুরা জয়লাভ করেছে। লখনউ-তে আজ ভারতরত্ন শ্রী অটল বিহারী বাজপেয়ী একনা ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৭ উইকেটে সিকিমকে হারায়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভোরের দিকে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.২ ডিগ্রি সেলসিয়াস।